অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল চাহিদা বেশি এমন অল্প মেয়াদের চাকরির প্রশিক্ষণের অ্যাক্সেস বাড়াতে Workforce Pell-এর আবেদন গ্রহণ শুরুর ঘোষণা করলেন

নতুন ক্রয়ক্ষমতার উদ্যোগ দ্রুত বড় হতে থাকা ইন্ডাস্ট্রিতে অল্প মেয়াদের পোস্টসেকেন্ডারি সনদের জন্য ফেডারেল Pell Grants পাওয়ার সুযোগ তৈরি করে

যোগ্য প্রতিষ্ঠানগুলির জন্য প্রোগ্রামের অনুমোদন প্রক্রিয়া সহজ করতে ওয়ার্কফোর্স পেল অ্যাডভাইজরি কমিটি গঠন

প্রতিষ্ঠানগুলি প্রোগ্রামের আবেদন জমা দিতে পারবে এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট (New York State) আনুষ্ঠানিকভাবে Workforce Pell প্রোগ্রামের জন্য আবেদন পোর্টাল খুলেছে। এই রূপান্তরমূলক উদ্যোগ চাহিদা বেশি এমন অল্প মেয়াদের পোস্টসেকেন্ডারি সনদ অর্জন করতে থাকা শিক্ষার্থীদের জন্য ফেডারেল Pell Grant পাওয়ার যোগ্যতা সম্প্রসারিত করছে। অল্প মেয়াদের প্রশিক্ষণ প্রোগ্রামকে আরো সাশ্রয়ী করা হলে তা হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং থেকে শুরু করে স্বাস্থ্য সেবা পর্যন্ত, স্টেটের সব থেকে গুরুত্বপূর্ণ ইন্ডাস্ট্রিতে দ্রুত ক্যারিয়ার গঠন করতে সাহায্য করবে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর ভালো বেতনের ক্যারিয়ারের জন্য একটি সাশ্রয়ী পথ প্রাপ্য," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কবাসীদের জন্য কার্যকর ফলাফল দেওয়ার রেকর্ড রয়েছে এমন অল্প মেয়াদের সনদের জন্য ফেডারেল Pell Grants ব্যবহারের সুযোগ দেওয়ার মাধ্যমে আমরা কর্মজীবী পরিবারগুলির জন্য সমান সুযোগ তৈরি করছি এবং নিউ ইয়র্কের দ্রুত বাড়তে থাকা ইন্ডাস্ট্রিকে অগ্রসর করতে দক্ষ কর্মীদের একটি শক্তিশালী পাইপলাইন গড়ে তুলছি। আমরা নিয়োগকর্তাদের জানিয়ে দিচ্ছি যে নিউ ইয়র্ক k ব্যবসার জন্য প্রস্তুত এবং তাদের কর্মী চাহিদা পূরণে প্রস্তুত।"

ঐতিহাসিকভাবে, ফেডারেল Pell Grants প্রচলিত বড় মেয়াদের ডিগ্রি প্রোগ্রামের জন্য সীমাবদ্ধ ছিল, ফলে অনেক প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী এবং শ্রমজীবী পরিবারের শিক্ষার্থীদের জন্য দ্রুত ক্যারিয়ারকেন্দ্রিক প্রশিক্ষণের খরচ বহন করা সম্ভব হতো না। নতুন Workforce Pell প্রোগ্রাম শিক্ষার্থীরা অন্তত আট সপ্তাহ এবং 15 সপ্তাহের কম মেয়াদের (150–599 ক্লক আওয়ার) উচ্চমানের প্রোগ্রামের জন্য এই অনুদান ব্যবহার করতে দিবে।

এই পোর্টাল খোলার ফলে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলি এমন প্রোগ্রামর জন্য আবেদন করতে পারবে যা শিক্ষার্থীদের জন্য জোরদার ফলাফল অর্জনের প্রমাণ দেখায় এবং Workforce Pell Funding পাওয়ার যোগ্য। এই প্রোগ্রামর বাস্তবায়ন পরিচালনা করতে এবং ফলপ্রসূ প্রোগ্রামে নিউ ইয়র্কবাসীদের দ্রুত অ্যাক্সেস নিশ্চিত করতে গভর্নর Hochul (হোকল) **ওয়ার্কফোর্স পেল অ্যাডভাইজরি কমিটি (Workforce Pell Advisory Committee)** গঠন করেছেন। গভর্নরের অফিস, নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor), State University of New York (SUNY), City University of New York (CUNY) এবং ননপ্রফিট ও মুনাফাভিত্তিক উভয় ধরনের বেসরকারি কলেজের প্রতিনিধিদের নিয়ে গঠিত এই কমিটি প্রতি মাসে বৈঠক করে সনদের জন্য যোগ্য প্রোগ্রামের রিভিউ ও সুপারিশ করবে।

Workforce Pell সনদের জন্য যোগ্য হতে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিকে প্রমাণ করতে হবে যে তাদের প্রোগ্রামের নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার ক্ষেত্রে কার্যকর ফলাফলের রেকর্ড রয়েছে, সেগুলিকে অবশ্যই শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং গুণমান ও কার্যকারিতার নির্দিষ্ট মানদণ্ড পূরণ করতে হবে, যার মধ্যে রয়েছে:

- **শ্রমবাজারের সাথে সামঞ্জস্য:** প্রোগ্রামগুলিকে অবশ্যই উচ্চ দক্ষতা, উচ্চ বেতন বা উচ্চ চাহিদা সম্পন্ন পেশার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করতে হবে, যেগুলি New York State Workforce Innovation and Opportunity Act (WIOA) Combined State Plan অথবা Perkins V Plan-এ নির্ধারিত রয়েছে।
- **প্রমাণিত কার্যকারিতার রেকর্ড:** সনদ পাওয়ার আগে প্রোগ্রামগুলিকে অন্তত 12 মাস পরিচালিত হতে হবে এবং ন্যূনতম 70 শতাংশ সমাপ্তির হার ও প্রোগ্রাম শেষ হওয়ার 180 দিন পর পরিমাপ করা 70 শতাংশ চাকরি অর্জনের হার বজায় রাখতে হবে।
- **স্ট্যাকেবল এবং পোর্টেবল সনদ:** ক্রেডিট প্রদানকারী প্রোগ্রামগুলিকে নিবন্ধিত সনদ বা ডিগ্রি প্রোগ্রামতে সরাসরি "স্ট্যাকেবিলিটি" প্রদর্শন করতে হবে। নন-ক্রেডিট প্রোগ্রামগুলিকে দেখাতে হবে যে সেগুলি অংশগ্রহণকারীদের জন্য পরবর্তী শিক্ষাগত বা চাকরির সুযোগ তৈরি করবে।
- **অ্যাপ্রেন্টিসশিপের সাথে সমন্বয়:** Registered Apprenticeship প্রোগ্রামের-এর রিলেটেড টেকনিক্যাল ইন্সট্রাকশন (Related Technical Instruction) হিসেবে পরিচালিত প্রোগ্রামগুলি স্বয়ংক্রিয়ভাবে ইন্ডাস্ট্রির সাথে সামঞ্জস্য এবং নিয়োগকর্তার নিয়োগ সংক্রান্ত শর্ত পূরণ করবে, যা নিউ ইয়র্কের শক্তিশালী ইউনিয়ন ও ট্রেড কর্মীর পাইপলাইনকে আরো শক্তিশালী করবে।

আজকের ঘোষণা আরেকবার প্রমাণ করে যে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের পরিবারের জন্য লড়াই করার ব্যাপারে তার প্রতিশ্রুতি পূরণ করেছেন। আজ থেকে পাঁচ বছর আগে তিনি শপথ নিয়ে দায়িত্ব গ্রহণ করার পর থেকে উচ্চশিক্ষাকে আরো সাশ্রয়ী করতে একাধিক গুরুত্বপূর্ণ বিনিয়োগ করেছেন, যার মধ্যে রয়েছে:

- **টিউশন ফি অপরিবর্তিত:** SUNY-এর স্টেট পরিচালিত ক্যাম্পাস এবং CUNY-এর সিনিয়র কলেজগুলিতে একাধিক বছরের জন্য টিউশন ফি অপরিবর্তিত রেখে স্টেটের বাসিন্দা আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষার্থীদের টিউশন খরচ নিয়ন্ত্রণে রেখেছেন।

- **ঐতিহাসিক TAP সম্প্রসারণ:** নির্ভরশীল শিক্ষার্থীদের আয় যোগ্যতার সীমা 80,000 মার্কিন ডলার থেকে 125,000 মার্কিন ডলারে বাড়ানো, ন্যূনতম সহায়তার পরিমাণ 500 মার্কিন ডলার থেকে দ্বিগুণ করে 1,000 মার্কিন ডলার করা এবং মাত্র 3টি ক্রেডিট গ্রহণকারী খণ্ডকালীন শিক্ষার্থীদেরও যোগ্যতার আওতায় আনার মাধ্যমে Tuition Assistance প্রোগ্রামের ঐতিহাসিক সম্প্রসারণ তত্ত্বাবধান করেছেন।
- **সার্বজনীন FAFSA ও আবেদন ফি মওকুফ:** সার্বজনীন FAFSA পূরণ নিশ্চিত করার ব্যবস্থা শুরু করেছেন এবং NYS কলেজ অ্যাপ্লিকেশন মাস (NYS College Application Month) চলাকালে 300,000-এর বেশি আবেদনকারীর কলেজে আবেদন করার ফি মওকুফ করেছেন, যার ফলে পরিবারগুলির মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় হয়েছে।
- **SUNY এবং CUNY Reconnect:** স্বাস্থ্যসেবা, সাইবার নিরাপত্তা বা অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিংয়ের মতো চাহিদা বেশি এমন খাতে ডিগ্রি অর্জন করতে আগ্রহী প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের কমিউনিটি কলেজে বিনামূল্যে পড়ার সুযোগ দিতে 60 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। এই প্রোগ্রাম উল্লেখযোগ্য ফলাফল অর্জন করেছে: চলতি বছর পুরো স্টেটে কলেজগুলি 16,500টি আবেদন পেয়েছে এবং প্রোগ্রামে 12,000-এর বেশি শিক্ষার্থী ভর্তি হয়েছেন।
- **Career Connect উদ্যোগ এবং এম্পায়ার স্টেট সার্ভিস কোরকে দ্বিগুণ করা:** SUNY এবং CUNY-এর শিক্ষার্থীরা যাতে বেতনসহ ইন্টার্নশিপের সুযোগ এবং ক্যারিয়ারের সাথে সম্পর্কিত অভিজ্ঞতা পেতে পারেন তা নিশ্চিত করতে 17 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। এছাড়াও, গভর্নর Hochul (হোকল) SUNY-তে এম্পায়ার স্টেট সার্ভিস কোরকে (Empire State Service Corps) দ্বিগুণ করেছেন এবং প্রতিটি শিক্ষার্থী যাতে তাদের কমিউনিটিতে যুক্ত হওয়ার সুযোগ পান তা নিশ্চিত করার প্রতিশ্রুতিকে আরো অগ্রসর করেছেন।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ার্ডন) বলেন, "উচ্চমানের অল্প মেয়াদের সনদের জন্য Pell-এর যোগ্যতা সম্প্রসারণের মাধ্যমে আমরা এমন হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য সুযোগের দরজা খুলে দিচ্ছি যারা পরিবারকে স্বচ্ছলভাবে চালানোর মতো ক্যারিয়ারে দ্রুত প্রবেশের পথ চান। এই উদ্যোগ প্রশিক্ষণকে সরাসরি আমাদের নিয়োগকর্তাদের বাস্তব সময়ের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ করে। অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং, স্বাস্থ্য সেবা বা পরিচ্ছন্ন জ্বালানি, সব ক্ষেত্রেই এই প্রোগ্রামটি নিশ্চিত করে যাতে নিউ ইয়র্কের অর্থনীতিকে অগ্রসর করার জন্য আমাদের কর্মীবাহিনী প্রয়োজনীয় দক্ষতা নিয়ে প্রস্তুত থাকে।"

SUNY-এর চ্যান্সেলর John B. King Jr. (জন বি কিং জুনিয়র) বলেন, "SUNY ক্যাম্পাসগুলি কর্মীবাহিনীর বিকাশের এমন প্রোগ্রাম সম্প্রসারণ করছে যা মানুষের উন্নয়নের সুযোগ তৈরি করে এবং শিক্ষার্থীদের প্রতিশ্রুতিশীল ক্যারিয়ারের জন্য চাহিদাসম্পন্ন দক্ষতা দিয়ে প্রস্তুত করে। গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক নেতৃত্বে Workforce Pell উচ্চশিক্ষার এমন প্রোগ্রামের অ্যাক্সেস বাড়াচ্ছে, যা জীবন বদলে দেয় এবং নিউ ইয়র্ক স্টেটের আগামী প্রজন্মের কর্মীবাহিনীকে আরো শক্তিশালী করে।"

SUNY-এর বোর্ড অফ ট্রাস্টি (Board of Trustees) বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটে SUNY কর্মীবাহিনী বিকাশের প্রোগ্রামগুলিকে একাডেমিক অসাধারণত্বের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে জোরদার করছে যা শিক্ষার্থীদের তাদের শিক্ষাজীবন এবং তার পরবর্তী সময়েও সফল হতে সাহায্য করে। অতি গুরুত্বপূর্ণ কর্মীবাহিনীর চাহিদা পূরণ করে এবং শিক্ষার্থীদের চাহিদা সম্পন্ন ক্যারিয়ারের জন্য প্রস্তুত করে এমন উদ্যোগগুলিতে ধারাবাহিক সমর্থনের গভর্নর Hochul (হোকল) এবং স্টেটের আইনসভাকে (Legislature) ধন্যবাদ।"

CUNY-এর চ্যান্সেলর Félix V. Matos Rodríguez (ফেলিক্স ভি ম্যাটোস রডরিগেজ) বলেন, "ফেডারেল Workforce Pell শুরু হওয়ার ফলে CUNY-এর যোগ্য ধারাবাহিকভাবে শিক্ষা গ্রহণকারী শিক্ষার্থীরা উচ্চমানের অল্প মেয়াদের প্রশিক্ষণের সরাসরি অ্যাক্সেস পাবেন। এই সম্প্রসারণ CUNY-এর উন্নতির সুযোগ তৈরির অঙ্গীকারকে আরো শক্তিশালী করে, যা প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের ঋণের বোঝা না নিয়ে দ্রুত উচ্চ প্রবৃদ্ধির ক্ষেত্রগুলিতে ইন্ডাস্ট্রির চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ সনদ অর্জন করতে সাহায্য করে। এই সংস্থান দ্রুত বিতরণ করা এবং আরো বেশি নিউ ইয়র্কবাসীকে টেকসই ক্যারিয়ারের সাথে যুক্ত করার জন্য ওয়ার্কফোর্স পেল অ্যাডভাইজরি কমিটি গঠন করায় গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ।"

স্টেটের সিনেটর Toby Ann Stavisky (টোবি অ্যান স্ট্যাভিস্কি) বলেন, "যাদের এটির প্রয়োজন সব থেকে বেশি, তাদেরই কাজ বন্ধ করার সুযোগ নেই। তাদের ইতিমধ্যেই একটি চাকরি রয়েছে, অনেকের একাধিক চাকরিও করতে হয়, এবং তারা নিজেদের অবস্থার উন্নতি করার চেষ্টা করছেন। ফেডারেল সহায়তা কখনো তাদের কথা মাথায় রেখে তৈরি করা হয়নি। Workforce Pell এর সমাধান করছে, এবং এমন ক্ষেত্রগুলিতে তা করছে যেখানে নিউ ইয়র্কের কর্মীর অনেক বেশি প্রয়োজন। পোর্টাল খুলে এই উদ্যোগকে অগ্রসর করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

Commission on Independent Colleges and Universities-এর প্রেসিডেন্ট Lola W. Brabham (লোলা ডব্লিউ ব্র্যাবহ্যাম) বলেন, "গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কবাসীদের শিক্ষা, সুযোগ এবং ভালো বেতনের ক্যারিয়ারের সাথে যুক্ত করার সুযোগ ধারাবাহিকভাবে বাড়িয়ে চলেছেন। Workforce Pell উচ্চমানের অল্প মেয়াদের সনদ অর্জনের পথে বাধা দূর করতে সাহায্য করবে, নিউ ইয়র্কবাসীদের নতুন দক্ষতা অর্জনের সুযোগ দিবে এবং একইসাথে অতি গুরুত্বপূর্ণ উচ্চ চাহিদা সম্পন্ন ক্ষেত্রগুলিতে কর্মীর ঘাটতি মোকাবেলায় সাহায্য করবে। স্বাধীন খাতটি এই উদ্যোগে পার্টনার হতে পেরে গর্বিত, এবং আমরা গভর্নরের সাথে কাজ করে শিক্ষার্থীদের সাফল্যকে সমর্থন করবে, নিউ ইয়র্কের কর্মীবাহিনীর চাহিদা পূরণ করবে এবং শিক্ষার্থীরা তাদের পুরো ক্যারিয়ারে তাদের দক্ষতা ও সনদ গঠন করতে থাকতে পারবেন এমন বড় মেয়াদের শিক্ষার পথ তৈরি করবে এমন একটি প্রোগ্রাম বাস্তবায়ন করতে পারবো বলে আশা করছি।"

New York's Association of Private Colleges-এর প্রেসিডেন্ট Donna Stelling-Gurnett (ডোনা স্টেলিং-গার্নেট) বলেন, "উচ্চমানের অল্প মেয়াদের কর্মীবাহিনী প্রশিক্ষণ প্রোগ্রামর জন্য Pell Grant পাওয়ার যোগ্যতা আরো বেশি শিক্ষার্থীকে এমন শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণের সহজ সুযোগ দিবে যা স্টেটের কর্মীবাহিনীর ঘাটতি পূরণ করবে এবং একই সাথে তাদের বড় মেয়াদের ক্যারিয়ারের সাথে যুক্ত করবে। শিক্ষার্থীদের সুযোগের আরো পথ প্রয়োজন এটি বুঝতে

পারার জন্য APC প্রতিষ্ঠানগুলি গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ এবং নিউ ইয়র্কবাসীর জন্য আরো সুযোগ তৈরি এমন উদ্যোগগুলিকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

Workforce Pell প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত সহজ সুযোগ দেয়। যেসব শিক্ষার্থী ইতিমধ্যে ব্যাচেলর্স ডিগ্রি অর্জন করেছেন তারাও Workforce Pell পাওয়ার যোগ্য থাকবেন, ফলে নিউ ইয়র্কবাসীরা বড় ধরনের ঋণের বোঝা না নিয়ে উদীয়মান ও উচ্চ চাহিদাসম্পন্ন খাতে নিজেদের ক্যারিয়ারের দিক পরিবর্তন করতে পারবেন। NY স্টেট রিভিউয়ের ক্ষেত্রে উচ্চ প্রবৃদ্ধি ও উচ্চ চাহিদা সম্পন্ন খাতগুলিকে অগ্রাধিকার দেবে, যার মধ্যে রয়েছে অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, এভিয়েশন ব্যবস্থাপনা এবং এয়ার ট্র্যাফিক কন্ট্রোল, সাইবার নিরাপত্তা, জরুরি ব্যবস্থাপনা, প্রকৌশল, সবুজ ও নবায়নযোগ্য জ্বালানি, নার্সিং ও অ্যালাইড হেলথ ফিল্ড, কর্মী সংকট রয়েছে এমন ক্ষেত্রে শিক্ষকতায় প্রবেশের পথ (প্রারম্ভিক শৈশব ও চাইল্ড কেয়ার সহ), সাপ্লাই চেইন ব্যবস্থাপনা/লজিস্টিকস এবং প্রযুক্তি।

নিউ ইয়র্ক স্টেটের যোগ্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিকে প্রশাসনিক নীতিমালা পর্যালোচনা করতে, যোগ্য WIOA এবং Perkins V-এর ইন্ডাস্ট্রি ও পেশাগুলি পরীক্ষা করতে এবং স্টেট পোর্টালের মাধ্যমে তাদের প্রোগ্রামর আবেদন জমা দিতে উৎসাহিত করা হচ্ছে।

আরো তথ্যের জন্য, অ্যাডভাইজরি কমিটির সময়সূচি দেখতে, অথবা কোনো প্রোগ্রামে আবেদন জমা দিতে ny.gov/WorkforcePell-এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।